[redacted]

[redacted]

[redacted]

[redacted]

কিনতে পারতাম। ফারুক হোসেনের সহযোগিতা করতে চাইলে তার বিকাশ নম্বর (০১৭৪১-৪২১০৮১)।

দামুড়হুদায় ৩ টি কন্যা সন্তান জন্ম দিলেন এক গৃহবধূ

দামুড়হুদায় মা ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টারে সফল সিজারিয়ান এর মাধ্যমে ৩ টি কন্যা সন্তান জন্ম দিয়েছেন শিখা নামের এক গৃহবধূ ।
জানা গেছে, দামুড়হুদা উপজেলার পাঠাচোরা গ্রামের হামজার স্ত্রী শিখা খাতুনের (৩০) প্রসব বেদনা শুরু হয় গত পরশু। পরিবারের নিকটজনেরা গৃহবধূ শিখাকে উপজেলার দামুড়হুদা মা ক্লিনিকে নেন। কর্তব্যরত চিকিৎসক গৃহবধূর সার্বিক দিক বিবেচনা করে সিজার করার সিদ্ধান্ত নেন। পরে ঐ দিন বিকাল ৪ টার দিকে সার্জন ডাঃ আবু হাসানুজ্জামান নুপুর সফল অস্ত্রপ্রচারের মাধ্যমে একে একে ৩ টি কন্যা সন্তান উঠিয়ে নেন। শিখা পাঠাচোরা গ্রামের হামজার স্ত্রী ও একই গ্রামের সাবদার আলী মেয়ে। হামজা ওশিখা দম্পতির সংসারে আগে ১৬ ও ৫ বছরের ২ টি কন্যা সন্তান রয়েছেন বলে জানা যায়।
গৃহবধূর নিকটতম এক আত্মীয়র মাধ্যমে জানা গেছে, ভূমিষ্ঠ হওয়া ৩ টি কন্যার পরিবারের আর্থিক অবস্থা ততটা ভালো না। গৃহবধূ শিখার স্বামী ও ৫ কন্যার পিতা হামজা কৃষি কাজ করতেন। সে নিজে ও পরিবারের স্বচ্ছলতা ফেরাতে প্রায় ২ মাস আগে বিদেশে পাড়ি জমিয়েছেন কর্মের জন্য।
কন্যা সন্তাদের মা জানান, একসঙ্গে তিন সন্তান পেয়ে আমি ও মেয়েদের বাবা খুশি, আমার আগেও ২ টি কন্যা সন্তান আছেন। বর্তমানে আমার ৫ টি কন্যা সন্তান হলো। আমি আমার সন্তানদের লেখাপড়া করিয়ে মানুষের মতো মানুষ করতে চাই। আপনারা আমার পরিবার ও সন্তানদের জন্য দোয়া করবেন।
হাসপাতাল কর্তৃপক্ষর নিকট থেকে জানা গেছে, গত বৃহস্পতিবার গৃহবধূ শিখা দম্পতির সিজারিয়ানের মাধ্যমে কোল জুড়ে ৩ টি কন্যা সন্তান জন্ম নিয়েছে। ভূমিষ্ঠ ৩ টি শিশু কন্যাসহ গৃহবধূ শিখা সুস্থ আছেন।

দর্শনা প্রেস ক্লাবে ৩ সাংবাদিককে ফুলেল শুভেচ্ছা

দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে ৩ সাংবাদিককে ফুলেল শুভেচ্ছা দেয়া হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৯ টার দিকে দর্শনা প্রেস ক্লাবে ফুলেল শুভেচ্ছা দেয়া হয় জীবননগর পৌরসভায় ওয়ার্ড কাউন্সিলর নির্বাচিত হওয়ায় সাংবাদিক জামাল হোসেনকে, এশিয়ান টেলিভিশনের সেরা প্রতিবেদক হওয়ায় আজাদ হোসেনকে ও মাইটি’র জেলা প্রতিনিধি হিসেবে পুরস্কৃত হওয়ায় ইকরামুল হক পিপুলকে।
এ সময় উপস্থিত ছিলেন, দর্শনা প্রেস ক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সাধারণ সম্পাদক হারুন রাজু, সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেন, সহ-সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, প্রেস ক্লাবের সহসভাপতি জাহিদুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক মাহমুদ হাসান রনি, সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, সাংবাদিক এফএ আলমগীর, ইয়াসির আরাফাত মিলন, হাসমত আলী, আ. রহমান, জামান তারিক, জিল্লুর রহমান মধু, মুনজুরুল ইসলাম, মাসুম বিল্লাহ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, সুকমল চন্দ্র দাস বাধন, সুজন মাহমুদ, আবির হাসান রিফাত, ফরহাদ হোসেন প্রমুখ।

দর্শনায় ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে সাংবাদিকরা

সারাদেশে সাংবাদিক নির্যাতন ও হত্যার প্রতিবাদসহ ডিজিটাল নিরাপত্তা আইন বাতিলের দাবীতে রাজপথে নেমেছে সাংবাদিকরা। দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির যৌথ আয়োজনে করা হয়েছে বিক্ষোভ

আলমডাঙ্গায় স্ত্রীর মামলায় স্বামী আটক

স্ত্রীর দায়েরকৃত যৌতুক ও নারী নির্যাতন মামলায় স্বামী হাসানকে আটক করেছে পুলিশ। গতকাল শুক্রবার দুপুর ৩ টার দিকে ঘোলদাড়ি পাইকপাড়া গ্রাম থেকে তাকে আটক করে পুলিশ।
জানা গেছে, আলমডাঙ্গা উপজেলার আইলহাঁস ইউনিয়নের ঘোলদাড়ি পাইকপাড়া গ্রামের আজিজুল হোসেনের ছেলে হাসান (২৬) এর সাথে সদর থানাধীন সরোজগঞ্জের ভুল্টিয়া নবীনগর গ্রামের জাহাঙ্গীর হোসেনের মেয়ে দীপ্তি খাতুনের সাথে গত ২ বছর পূর্বে পারিবারিক ভাবে বিবাহ হয়।
তাদের দাম্পত্য জীবনে একটি পুত্র সন্তান জন্ম নেয়। বৈবাহিক সূত্রে, দীপ্তির পিতা তার জামাইকে ১ টি ডিসকভারি মোটরসাইকেল যৌতুক হিসেবে দেয়। মোটরসাইকেল দেওয়ার কয়েক মাস পরেই দীপ্তিকে তার বাবার বাড়ি থেকে টাকা আনতে বলে হাসান।
দীপ্তি তার পিতার বাড়ি থেকে টাকা আনতে নারাজ হওয়ায় তাকে মারপিট করে। মেয়ের সুখের আশায় দীপ্তির পিতা আবারো ৫০ হাজার টাকা দেয়। টাকা দেওয়ার ৬ মাস পার হতে না হতেই আবারো টাকার নেশা ওঠে হাসানের। শ্বশুরের ২ বিঘা জমি বিক্রয় করে ৫ লক্ষ টাকা আনতে বলে স্ত্রী দীপ্তিকে।
দীপ্তি আবারো তার বাবার নিকট থেকে জমি বিক্রয় করে টাকা আনতে পারবে না বলে জানায়। হাসান তার স্ত্রীর উপর ক্ষিপ্ত হয়ে রুটি বানানো বেলুন দিয়ে বেধড়ক মারপিট করে।
এ ঘটনায় দীপ্তি গুরুত্বর আহত হওয়ার সংবাদে তার পিতা জাহাঙ্গীর উপস্থিত হয়ে দীপ্তিকে উদ্ধার করে সদর হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় দীপ্তি বাদি হয়ে আলমডাঙ্গা থানায় মামলা দায়ের করে।

জামাত-বিএনপি’রা দেশের উন্নয়ন সহ্য করতে পারছে না- জনপ্রশাসন প্রতিমন্ত্রী

এফ এফ রুপক:

জামাত-বিএনপিরা বর্তমান সরকারের উন্নয়ন সহ্য করতে পারেনা। তারা সবকিছুতেই সমালোচনা করে। বাংলাদেশে করোনার প্রাদুর্ভাব যখন থেকে শুরু হয়েছে তখন সমালোচনা করেছে, জননেত্রী শেখ হাসিনার বিচক্ষন নেতৃত্বে করোনা মোকাবেলায় বাংলাদেশ যখন অন্য দেশের তুলনায় সফল তখনও সমালোচনা করেছে। বিশ্বের বড় বড় দেশকে পেছনে ফেলে বাংলাদেশ যখন করোনার ভ্যাকসিন পেলো এবং জনগন সেই ভ্যাকসিন আগ্রহের সাথে গ্রহন করছে। এই ভ্যাকসিন নিয়েও বিএনপি’র নেতারা বিরুপ মন্তব্য করেছে।

কিন্তু এর পরও দেখা যাচ্ছে এখন বিএনপি’র নেতারাও চুরি করে ভ্যাকসিন নিচ্ছে। শুক্রবার বিকালে মেহেরপুরের পিরোজপুরে আওমী লীগের জনসভায় এসব কথা বলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন। তিনি আরও বলেন, ২০০৫-০৬ সালে বাংলাদেশের মাথাপিছু আয় ছিল ৫শ ৩০ মার্কিন ডলার। কিন্তু বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় ২ হাজার ৬৪ মার্কিন ডলার। বাংলাদেশ ধনী দেশ হচ্ছে। জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নশীল দেশে পরিনত হয়েছে। এটা বিএনপি’র সহ্য হচ্ছে না। ফরহাদ হোসেন আরও বলেন বিএনপি’র রাজনীতি মিথ্যার রাজনীতি, বিএনপি’র রাজণীতি অপপ্রচারের রাজনীতি। জনগণ তাদের আর বিশ্বাস করে না।

মেহেরপুর প্রসঙ্গে প্রতিমন্ত্রী বলেন, মেহেরপুর তথা মুজিবনগরের জন্য আমাদের প্রধানমন্ত্রী ব্লাংক চেক দিয়েছেন। মেহেরপুরের উন্নয়নে যা যা প্রয়োজন তিনি করছেন। আমরা মুজিবনগর বিশ্বিবদ্যালয় পেয়েছি। মুজিবনগরকে আধুনিক ও আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র তৈরির জন্য প্রধান মন্ত্রী ১ হাজার কোটি টাকা বরাদ্দ দিয়েছেন। ভারত-বাংলাদেশের সম্পর্ক আরও সুদৃড় করতে মুজিবনগর দিয়ে তৈরি হচ্ছে স্বাধিনতা সড়ক। মেহেরপুরসহ সারা দেশের এই উন্নয়নের ধারা অব্যাহত রাখতে আওয়ামী লীগের সঙ্গে থাকার আহবান জানান ফরহাদ হোসেন।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ সভাপতি ও পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের চেয়ারম্যান আব্দুস সামাদ বাবলু বিশ্বাসের ভাপতিত্বে জনসভায় আরও বক্তব্য দেন, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, মেহেরপুর সদর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক বোরহান উদ্দিন আহম্মেদ, মুজিবনগর উপজেলা আওমীলীগের সাধারণ সম্পাদক আমাম হোসেন মিলু, জাতীয় মহিলা সংস্থার সভাপতি ও মহিলা আওয়ামীলীগের কেন্দ্রীয় সদস্য শামীম আরা হিরা, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক সরফরাজ হোসেন মৃদুল, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধঁণ।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি আব্দুল হালিম, মেহেরপুর ২ আসনের সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, গাংনী পৌরসভার মেয়র আহাম্মেদ আলী, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আয়ুব আলী, জেলা আওয়ামীলীগের ক্রিয়া বিষয়ক সম্পাদক আমিরুল ইসলাম, সদর উপজেলা ভাইসচেয়ারম্যান মোমিনুল ইসলাম মমিন, আমদহ ইউনিয়নের চেয়ারম্যান আনারুল ইসলাম, বুড়িপোাত ইউনিয়নের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি শাহজামান, যুব মহিলালীগের সভানেত্রি সামিউন বশিরা পলি, জেলা তাতীলীগের আহবায়ক নুর ইসলাম সুবাদ আলী, সদস্য সচিব জুয়েল রানাসহ আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগের নেতাকর্মিরা।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বিএডিসি কতৃক মাঠ দিবস পালন

মেহেরপুরে আলু ফসলের মাল্টিলোকেশন পারফরমেন্স যাচাই এর বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন বিএডিসি কতৃক মাঠ দিবস পালন করা হয়েছে।

শুক্রবার সকালে মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপত্বিতে বন বিভাগ’র মাঠের আলু পরিদর্শন করেন।

মাঠ দিবস অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএডিসি চেয়ারম্যান ড. অমিতাভ সরকার, বিএডিসি সদস্য পরিচালক মোস্তাফিজুর

রহমান, মেহেরপুরের পুলিশ সুপার এসএম মুরাদ আলি ।

এসময় অন্যদের মধ্য বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপনকুমার খান, বঙ্গবন্ধু কৃষিবিদ পরিষদের সভাপতি রিপন কুমার,মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন,ইউপি সদস্য আরমান আলী, কৃষক এ জেড এম মারুফুজোহা গেরা প্রমূখ।

মানুষের পাশে দাঁড়ানোর থেকে আর ভালো কিছু নেই-ইমদাদুল হক মিলন

মানুষের পাশে দাঁড়ানোর থেকে আর ভালো কিছু নেই বলে জানিয়েছেন ইষ্ট ওয়েষ্ট মিডিয়ার পরিচালক, দৈনিক কালের কণ্ঠের সম্পাদক ও জনপ্রিয় লেখক ইমদাদুল হক মিলন।

শুক্রবার সকাল সাড়ে ১০টায় কুষ্টিয়া বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের হলরুমে আয়োজিত ও কালের কণ্ঠ শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণকালে তিনি একথা বলেন।

প্রতিবন্ধীরা আমাদের সম্পদ উল্লেখ করে
তিনি বলেন, স্টিফেন উইলিয়াম হকিং একজন পদার্থবিজ্ঞানী ও বিজ্ঞান-বিষয়ক জনপ্রিয় ধারার লেখক ছিলেন। সে প্রতিবন্ধী হওয়া স্বত্বেও বিজ্ঞানী ছিলেন, তার মতো বিশ্বের সবচেয়ে সেরা খেলোয়াড় লিওনেল মেসিও অটিস্টিক। অথচ তারাও জীবনে সেরা কিছু অর্জন করতে সক্ষম হয়েছে।

এই বিদ্যালয়ের প্রতিবন্ধী শিক্ষার্থীরা তাদের মেধা মননে অনেক ভালো পারফরম্যান্স করেছে। তাতে আমি অভিভূত। শ্রবণ প্রতিবন্ধী হয়েও অনেক ভালো করেছে নৃত্যে। আমি এদের সাফল্য কামনা করি।

শিশুদের মধ্যে আলো দেখতে পাই উল্লেখ করে ইষ্ট ওয়েষ্ট মিডিয়ার

পরিচালক আরও বলেন, এই প্রতিবন্ধী স্কুলের জন্য আমি কিছু করতে পারবো কি না জানিনা। তবে
আমার হাতে কলম আছে। কলম দিয়ে পুরো দেশকে নাড়া দিতে পারি। এছাড়াও বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যানকে আমি বিষয়টি জানাবো। আমাদের কলম এবং আমাদের অনুরোধে এইসব শিশুদের মমত্ববোধ দেখি কোথায় নিয়ে যেতে সক্ষম হয়।

অভিভাবকদের উদ্দেশ্যে তিনি বলেন,
একজন মা যা পারে তা আর কেউ করতে পারে না। মা-ই পারে তার সন্তানের পাশে দাঁড়াতে পারে। মানুষের পাশে দাঁড়াতে পারেন। এসব সন্তানের পাশে দাঁড়াতে সকলকে অনুরোধ করেন তিনি।

বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয়ের অধ্যক্ষ আসমা আনসারী মিরুর সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন, কালের কণ্ঠ শুভসংঘের কেন্দ্রীয় কমিটির পরিচালক, জাকারিয়া জামান, কালের কণ্ঠ শুভসংঘের কেন্দ্রীয় কমিটির সভাপতি সাদেকুল ইসলাম, সাধারন সম্পাদক শামীম আল মামুন, কালের কণ্ঠ শুভসংঘের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও কালের কণ্ঠের বগুড়া ব্যুরো প্রধান লিমন বাসার, কালের কণ্ঠ শুভসংঘের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি ও কালের কণ্ঠের কুষ্টিয়ার নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিক, কালের কণ্ঠ শুভসংঘ কুষ্টিয়ার সভাপতি নীলিমা বিশ্বাস, সাধারন সম্পাদক শম্পা আফরীন, প্রচার সম্পাদক এস এম জামাল, সাংস্কৃতিক সম্পাদক যুথিকা রানী বিশ্বাস, নির্বাহী সদস্য গোলাম মোস্তফা অন্তু, সাংবাদিক লাকী মিজানসহ কালের কণ্ঠ শুভ সংঘ কুষ্টিয়ার সকল সদস্যরা উপস্থিত ছিলেন।

এরআগে প্রতিবন্ধী শিক্ষার্থীরা নৃত্য পরিবেশন করেন।

হরিণাকুন্ডতে তিনদিন ব্যাপি লালণ স্মরণ উৎসব

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার লালনের জন্মভূমি হরিশপূর গ্রামে ৩দিন ব্যাপি লালণ স্মরণ উৎসব গত ৪মার্চ শুরু হয়ে আজ শনিবার শেষে হবে। বৃহস্পতিবার বিকালে এই স্মরণ উৎসবের উদ্বোধন করেন ঝিনাইদহ

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ ।

উপজেলার হরিশপূর লালণ একাডেমীতে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌর মেয়র সাইদুল করিম মিন্টুর সভাপতিত্বে স্মরণ উৎসবে প্রধান অতিথি ও উদ্বোধক ছিলেন ঝিনাইদহ জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন , উপজেলা নির্বাহী অফিসার সৈয়দা নাফিস সুলতানা , সহকারী কমিশনার (ভূমি) রাজিয়া আক্তার চৌধুরী, হরিণাকুণ্ডু পৌরসভার নব-নির্বাচিত মেয়র মোঃ ফারুক হোসেন ।

এসময় আলোচক হিসাবে স্মৃতি চারণ মূলক বক্তব্য রাখেন লালন একাডেমীর সাধারণ সম্পাদক এ্যাডঃ নজরুল ইসলাম, লালণ গবেষক ডঃ নওশের আলম, উপমহাদেশের ক্ষ্যাতনামা লালণ সংগীত শিল্পি আব্দুল লতিফ ।

এছাড়াও স্মরণ সভায় আরও উপস্থিত ছিলেন জেলা পরিষদের সদস্য মোঃ আলাউদ্দীন, জোড়াদাহ ইউপি চেয়ারম্যান নাজমূল হুদা পলাশ, চাঁদপূর ইউপি চেয়ারম্যান গোলাম মোস্তফা, কাপাশহাটিয়া ইউপি চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু ।

এই লালন স্মরণ উৎসবে গুরুর সান্নিধ্য পেতে বিভিন্ন জেলা ও উপজেলা থেকে লালণ ভক্তরা এই স্মরণ উৎসবে অংশগ্রহণ করেন।
প্রথম পর্বের স্মৃতিচারণ মূলক আলোচনাসভা শেষে আব্দুল লতিফ সাইজিসহ দেশের ক্ষ্যাতনামা চারণ শিল্পিরা রাতভর লালণ সংগীত পরিবেশন করেন। এই স্মরণউৎসবকে ঘিরে বসেছে গ্রামীণ মেলা।